গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর
(সংস্থাপন শাখা)
www.shariatpur.gov.bd

স্মারক নং-০৫.৩০.৮৬০০.০০৭.০৪.০১২.২৩. ৭৩

তারিখ : ০৭ ফাল্গুন ১৪৩১
২০ ফেব্রুয়ারি ২০২৫

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ২৭ জুলাই ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০০৮.১৭-৯৪ নম্বর স্মারক মূলে প্রাপ্ত ছাড়পত্র এবং উক্ত মন্ত্রণালয়ের ২৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০০৮.১৭-১০৮ নম্বর স্মারকে সময় বৃদ্ধির পরিপ্রেক্ষিতে জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর এর সাধারণ প্রশাসনের অধীন জেলাপ্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর আলোকে জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর-এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের নির্ধারিত ফরমে অনলাইনে (http://dcshariatpur.teletalk.com.bd) ওয়েবসাইটে দরখাস্ত আহবান করা যাচ্ছে-

<u>অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।</u>

ক্র. নং	পদের নাম	পদ সংখ্যা	গ্রেড ও বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
০১	সার্টিফিকেট সহকারী	০৪(চার)টি	গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০/-	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে ইংরেজীতে সর্বনিম্ন ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ।

আবেদনের শর্তাবলী:

০১। এ কার্যালয়ের ০৯ জানুয়ারি ২০২৪ তারিখের ০৫.৩০.৮৬০০.০০৭.০৪.০১২.২৩-১৪(১৬০) নম্বর স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী সার্টিফিকেট সহকারী পদে যে সকল প্রার্থী আবেদন করেছেন; সে সকল প্রার্থীর এ বিজ্ঞপ্তি অনুযায়ী নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

০২। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও শরীয়তপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০৩। প্রার্থীর বয়সসীমা ১৭/০৩/২০২৫ তারিখে ১৮ থেকে ৩২ বছর হতে হবে (বয়সসীমা নির্ধারণের ক্ষেত্রে ১৮ নভেম্বর ২০২৪ তারিখে প্রকাশিত বাংলাদেশ গেজেটের অধ্যাদেশ নং-১১, ২০২৪ অনুসরণ করা হয়েছে)। শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। অসত্য/ভুল তথ্য/ক্রটিপূর্ণ আবেদন কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

০৫। নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে জনপ্রশাসন মন্ত্রণালয়ের জেলাপ্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ অনুসরণ করা হবে; এছাড়া নিয়োগ সংক্রান্ত বিদ্যমান যাবতীয় সরকারি বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

০৬। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে;

০৭। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না;

০৮। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে;

০৯। আবেদনকারী প্রদত্ত তথ্যাদি বিধি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবল যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় ডাকা হবে। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করা হবে;

১০। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সকল প্রকার সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে;

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে);

খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

গ) জাতীয় পরিচয়পত্র এবং অনলাইন জন্ম নিবন্ধন সনদ;

ঘ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গানা সন্তানদের জন্য নির্ধারিত কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে আবেদনকারীর পিতা/মাতার নামে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্র/উপযুক্ত প্রমাণপত্র;

ঙ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গানার সন্তানদের জন্য নির্ধারিত কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে বীরমুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সর্স্পক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

চ) তৃতীয় লিঙ্গ, ক্ষুদ্র-নৃগোষ্ঠী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ছ) প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সনদ;

জ) চাকুরিরত প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি;

ঝ) ডাউনলোডকৃত Applicant copy এর সত্যায়িত ফটোকপি;

ঞ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

ট) প্রযোজ্যক্ষেত্রে কম্পিউটারে দক্ষতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র;

১১। একজন প্রার্থী শুধু একটি পদে আবেদন করতে পারবেন; একাধিক পদে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

১২। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত সর্বশেষ শর্তাবলী প্রযোজ্য হবে।

১৩। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৪। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি/নির্দেশনা অনুযায়ী কোটা নীতি অনুসরণ করা হবে।

১৬। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dcshariatpur.teletalk.com.bd ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(১) Online এ আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৫/০২/২০২৫; সকাল ০৯.০০ টা;

(২) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৭/০৩/২০২৫; রাত ১১:৫৯ টা;

(৩) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য 300xপ্রস্থ 80 pixel) এবং রঙ্গিন ছবি (দৈর্ঘ্য 300xপ্রস্থ 300 pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন;

(গ) Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন;

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে **নির্দেশনা মোতাবেক** ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে **কম্পিউটারে ছবিসহ** Application Preview **দেখা যাবে**। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy **পাবেন**। উক্ত Applicant's copy প্রার্থী রঙ্গিন প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে উক্ত পদের জন্য ১০০/-(একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ১২/-(বারো) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ১১২/-(একশত বারো) টাকা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণের জন্য আবেদন ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ০৬/-(ছয়) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। online এ আবেদন এবং টাকা জমা দেয়ার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবেন না। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর **সঠিক** না থাকে তাহলে পুনরায় আবেদন করতে **পারবেন**। তবে আবেদন ফি জমাদা**নের** পরে আর কোন **পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন** গ্রহণযোগ্য নয় **বিধায়** আবেদন ফি **জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই** উক্ত Applicant's Copy তে তার সাম্প্র**তিক** তোলা **রঙিন ছবি, নির্ভুল** তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর **সঠিকতার বিষয়টি** PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ **করবেন**।

নিয়মাবলী: **প্রথম** SMS: DCSHARIATPUR<space>user ID লিখে 16222 নম্বরে send করতে হবে।

Example: DCSHARIATPUR ABCDEFG send to 16222

দ্বিতীয় SMS: DCSHARIATPUR<space>YES<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: DCSHARIATPUR YES 12345678 & send to 16222

Reply:Congratulation Applicant's Name payment completed successfully for DCSHARIATPUR Application for XXXXXXXX USER ID is (ABCDEF) and password (XXXXXXXX)

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস এ password পাবেন।

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcshariatpur.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা আবশ্যক।

(ছ) SMS এ প্রেরিত USER ID এবং PASSWORD ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের নাম ইত্যাদি তথ্য সংবলিত রঙিন প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট করে নিবেন। প্রার্থী উক্ত প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

(জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ USER ID এবং PASSWORD পুনরুদ্ধার করতে পারবেন।

* User ID জানা থাকলে:

DCSHARIATPUR<space>Help<space>User<space>User ID & send to 16222

Example: DCSHARIATPUR Help User ABCDEF and send to 16222

* PIN জানা থাকলে:

DCSHARIATPUR<space>Help<space>PIN<space>PIN No & send to 16222

Example: DCSHARIATPUR Help PIN 1234567 and send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলাপ্রশাসক, শরীয়তপুর এর ওয়েবসাইট: www.shariatpur.gov.bd এবং http://dcshariatpur.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় অন্যান্য তথ্য (www. shariatpur.gov.bd) ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

Alljobs QR code

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে কল করুন ১২১ নম্বর অথবা alljobs.quary@teletalk.com.bd বা dcshariatpur @mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: DC Shariatpur, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঠ) এ নিয়োগের ক্ষেত্রে সরকারের যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান (সর্বশেষ) যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে।

১৭। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন সময় বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন, নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

20.02.2025

মোহাম্মদ আশরাফ উদ্দিন
জেলাপ্রশাসক
শরীয়তপুর
ফোন: ০২-৪৭৮৮১৫১৪১
ই-মেইল: dcshariatpur@mopa.gov.bd

স্মারক নং-০৫.৩০.৮৬০০.০০৭.০৪.০১২.২৩. ৭৬/১(১০০) তারিখ : ০৭ ফাল্গুন ১৪৩১
20 ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৫। জেলাপ্রশাসক, ... (সকল)।
০৬। পুলিশ সুপার, শরীয়তপুর।
০৭। সিভিল সার্জন, শরীয়তপুর।
০৮। উপপরিচালক, স্থানীয় সরকার, শরীয়তপুর।
০৯। অতিরিক্ত জেলাপ্রশাসক(সার্বিক)/অতিরিক্ত জেলাপ্রশাসক(রাজস্ব)/অতিরিক্ত জেলাপ্রশাসক(শিক্ষা ও আইসিটি)/(উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, শরীয়তপুর।
১০। উপজেলা নির্বাহী অফিসার..,(সকল), শরীয়তপুর।
১১। সহকারী কমিশনার (ভূমি)..,(সকল), শরীয়তপুর।
১২। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১তলা), হোল্ডিং#৩/এ, ৫/এ, ৭/এ , রোড #১৭, গুলশান-১, ঢাকা-১২১২।
১৪। জেলা তথ্য অফিসার, শরীয়তপুর।
১৫। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, শরীয়তপুর।
১৬। প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, শরীয়তপুর (উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৭। সম্পাদক/বার্তা সম্পাদক, দৈনিক বাংলাদেশের খবর।
১৮। সম্পাদক/বার্তা সম্পাদক, The New Age.

উক্ত বিজ্ঞপ্তিটি ১৬X৪" কলামে আপনার বহুল প্রচারিত পত্রিকায় ২৫/০২/২০২৫ তারিখের মধ্যে ভিতরের পাতায় প্রকাশ করতঃ প্রকাশিত পত্রিকার ০৩(তিন) কপি সৌজন্য সংখ্যাসহ যথাযথভাবে বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।

20.02.2025

জেলাপ্রশাসক
শরীয়তপুর